



# কালের কণ্ঠ

## কালের কণ্ঠ, ১১-১০-২০২৩



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ১৪তম হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট-কোর্ট প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় রাউন্ড ২০২৩-এর রানার্স আপ হয়েছে।  
ছবি : সংগৃহীত

### হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট-কোর্ট প্রতিযোগিতা জাতীয় রাউন্ডে রানার্স আপ ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগ ১৪তম হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট-কোর্ট প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় রাউন্ড ২০২৩-এর রানার্স আপ হয়েছে।

গত ৫ থেকে ৭ অক্টোবর ২০২৩ আন্তর্জাতিক রেড ক্রস কমিটি ও ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি অব বাংলাদেশের (আইইউবি) যৌথ আয়োজনে আইইউবি ক্যাম্পাসে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় দেশের সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ৩০টি দল অংশ নেয়। ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির দলে আর কে এম রবিন আহমেদ, তানজিলা ইসলাম এবং সায়মা হক অংশ নেন। তাঁদের কোচ ছিলেন বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের সিনিয়র লেকচারার নাদিয়া রহমান।

প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয় ঢাকা বিশ্ববিদ্যালয়। প্রতিবছর দুটি শীর্ষ দল হেনরি ডুনান্ট মেমোরিয়াল মুট-কোর্ট প্রতিযোগিতার আন্তর্জাতিক রাউন্ডে অংশ নেওয়ার সুযোগ পায়। সংবাদ বিজ্ঞপ্তি।